বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।
অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ

ফোনঃ ৯৫৫০৫০৫
পিএবিএক্সঃ ৯৫৬০০২১-২৫
৯৫৬০০৩১-৩৫/২২৯
email:dgmicd@krishibank.org.bd

প্রকা/অনিবি/প্রশা-৪৯/২০১৮-২০১৯/ ৫৪(১২৫০)

তারিখ : ১১/০৭/২০১৮

সকল মুখ্য আঞ্চলিক /আঞ্চলিক ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়।
(সিলেট মুখ্য অঞ্চল ব্যাতীত)

বিষয়ঃ পর্ষদ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ২১/০৩/২০১৮ তারিখের ১৪তম এবং ২১/০৬/২০১৮ তারিখের ১৫তম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, বিগত ১০/০৪/২০১৮ তারিখের পত্র নং প্রকা/অনিবি/প্রশা-৪৯/২০১৭-২০১৮/১০২৮ নং পত্রের মাধ্যমে ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ১৪তম সভার সিদ্ধান্ত জানিয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার জন্য পত্র লিখা হয়েছিল। পরবর্তীতে এ বিষয়ে শাখা সমূহ হতে প্রতিবেদন না পাওয়ায় ১০/০৬/২০১৮ তারিখের ১১৮৪ নং পত্রের মাধ্যমে তাগিদ পত্র প্রেরণ করা হয়, তথাপি আপনার মুখ্য অঞ্চল/ অঞ্চলাধীন শাখা হতে কাংখিত প্রতিবেদন অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগে পাওয়া যায়নি। যা অত্যন্ত দুঃখজনক।

০২। ইতোমধ্যে ২১/০৬/২০১৮ তারিখে পর্ষদ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ১৫তম সভা অনুষ্ঠিত হয়েছে। এ সভায় ১৪তম ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পেশ করা হলে ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেনঃ

" ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ১৪তম সভার সিদ্ধান্ত অনুযায়ী অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ কর্তৃক সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকদের তাদের অধীনস্থ সকল শাখা ব্যবস্থাপকদেরকে নিজেই নিজের শাখা পরিদর্শন করে এতদসংক্রান্ত প্রতিবেদন অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগে প্রেরণের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য বিগত ১০/০৪/২০১৮ তারিখে অনুরোধ করা সত্বেও শুধুমাত্র ০৬টি শাখার প্রতিবেদন পাওয়া যায়, যা অত্যন্ত দুঃখজনক ও অনাকাংখিত বটে। উর্ধ্বতন কর্তৃপক্ষের বৈধ আদেশ নির্দেশনা না মানা অসদাচরণের সামিল। বিষয়টি গুরুত্ব বিবেচনায় সংশ্লিষ্ট সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত গুরুত্ব সহকারে না নেয়ার বিষয়টি ব্যবস্থাপনা পরিচালককে অবহিত করতে হবে এবং তাদের সকলের বিরুদ্ধে অবিলম্বে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে। অধিকন্ত সকলের নিকট হতে জবাব সংগ্রহ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রদানে ব্যর্থ মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণের তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।"

০৩। এমতাবস্থায়, উল্লেখিত আপনার অঞ্চলাধীন শাখাসমূহ হতে শাখা পরিদর্শন প্রতিবেদন অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগে প্রেরণ না করায় কেন আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ আগামী ১৯/০৭/২০১৮ তারিখের মধ্যে ব্যাখ্যা করার জন্য অনুরোধ করা হলো।

০৪। বিষয়টি অতীব জরুরী।

আপনার বিশ্বস্ত,
১১/৭/২০১৮
(ননী গোপাল দত্ত)
মহাব্যবস্থাপক
নিরীক্ষা ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ মহাবিভাগ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীপ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-২ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, সকল বিভাগীয় মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়সমূহ। আপনাদের বিভাগাধীন সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণকে বিষয়টির গুরুত্ব অনুধাবন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ করা হলো।
০৫। সচিব/উপ-মহাব্যবস্থাপক, পর্ষদ সচিবালয়/ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে পত্রখানা ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল শাখা ব্যবস্থাপক,বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। নথি মহানথি।

১১/৭/২০১৮
(লুৎফুন নাহার নাজ)
উপ-মহাব্যবস্থাপক

D:\Diba\Letter.docx